আজ দ্বিতীয় সেমিফাইনাল

ব্রিটিশ-ক্রোট বিশ্বযুদ্ধ, শেষ হাসি কার!

শুভাশিষ ভৌমিক

বিশ্বকাপের সেমিফাইনালের দামামা বেজে গেছে। আজ দ্বিতীয় সেমিফাইনালে মুখোমুখি তারুণ্যে ভরপুর ইংল্যান্ড বনাম অভিজ্ঞতা ও তারুণ্যের মিশেলের ক্রোয়েশিয়া। চলতি বিশ্বকাপে ক্রোয়েশিয়াকে মূলত ৪-২-৩-১ এই ফর্মেশনে খেলতে দেখা যাচ্ছে এবং ইংল্যান্ড ৩-৩-২-২ এই ফর্মেশনেই স্বাচ্ছন্দ্য। ক্রোয়েশিয়া যেমন দীর্ঘ ২০ বছর পর শেষ চারে, তেমনই ইংল্যান্ড দীর্ঘ ২৮ বছর পরে সেমিফাইনাল খেলার সুযোগ পেয়েছে। সুতরাং, দু'দলের প্রত্যেক পজিশনের (গোলকিপার-ডিফেন্স-মিডফিল্ডার-স্ট্রাইকার) হাল হকিকত ও কোন প্লেয়ার বা খেলোয়াড় কার্যকারী ভূমিকা নিতে পারে তা তুলে ধরল দৈনিক আর্থিক লিপির 'মাঠে-ময়দানে'।

গোলকিপার

ইংল্যান্ডের গোলকিপার জর্ডন এভার্টনের ক্লাবে খেলেন। ম্যাচে ক্লিন শিট রাখার গোলও খেয়েছেন। দুরন্ত এবং ভরসা ম্যাচে পেনাল্টি খেলোয়াড় শট রুখে নিয়ে কবে পিকফোর্ড। তিনি একটি পাশাপাশি চারটি তবে বারের নীচে দায়কও। শেষ ষোলোর শুট-আউটে কলম্বিয়ার দুই উড়িবে এবং কার্লোস বাক্কার দিয়ে শিরোনামে তিনি। বিশ্বকাপে জো-হার্টের জায়গায় তাঁর সিলেকশন সমালোচকরা মুখ খুললেও তাঁর পারফরম্যান্সে সমালোচকদের মুখবন্ধ দিয়েছে।

ক্রোয়েশিয়ার গোলকিপার সুবাসিচ। মোনাকোতে খেলেন। তিনি এক কথায় অনবদ্য। তিনি দুটি ক্লিনশিচ রাখার পাশাপাশি চার গোল হজম করেছেন। নক-আউটের দুটি ম্যাচেপেনাল্টি শুট আউটে চারটি শট বাঁচিয়ে দলকে জিতিয়ে এবং রেকর্ডও গড়ে ফেলেছেন, তাওআবার চোট নিয়ে খেলে। ইতিমধ্যেই গোল্ডেন গ্লাভসের দৌড়ে আছেন। চলতি বিশ্বকাপের সেরা একজন গোলকিপার সুবাসিচ।

ডিফেন্স

ইংল্যান্ড ডিফেন্সে ভরসার নাম কাইল ওয়াকার এবং জন স্টোনস। তবে এরা সেভাবে এখনও পরীক্ষিত নয়। তবে দুজনেই হেড জোরালো করতে পারদর্শী। স্টোনস তো পানামার বিপক্ষে হেডে দুটি গোলও করেছেন। সেমিফাইনালে তাদের সামনে বড় পরীক্ষা, চাপের মুখে কেমন পারফরম্যান্স করেন সেটাই এখন দেখার।

ক্রোয়েশিয়ার ডিপ ডিফেন্সের নেতৃত্বে ভিদা-লভেরন। দুজনেই এক কথায় রক সলিড। দুজনের বেকপ্রস্তু অত্যন্ত ভালো, দুজনেই আলতো ঢোকায় বিপক্ষের খেলোয়াড়ের পায়ের থেকে বল কেড়ে নিতে পারেন, তেমনই এরিয়াল বল ক্লিয়ার করতে ওস্তাদ। আবার গোল করতেও পারে। সেমিফাইনালে তাদের সামনে হ্যারি কেনের মতো সুযোগ সন্ধানী স্ট্রাইকার একটুখানি ভুলেরও খেসারত দিতে হতে পারে। ক্যাপ্টেন কেনকে কিভাবে বোতলবন্দি করে ভিদা-লভেরন জুটি সেটাই এখন দেখার।

মাঝমাঠ

ইংল্যান্ডের জর্ডন হেন্ডারসন দুরন্ত পারফরম্যান্স করছেন মাঝমাঠে। বল যেমন হোল্ড করে খেলতে পারেন, তেমন সুন্দর ফরোয়ার্ড পাসও বাড়ান। তেমনি মাঝমাঠে ডেলে আলি-লিংগার্ডের মতো তরুণ্যের উপস্থিতি। দু'জনেই গোলের মধ্যে আছে। তবে সেমিফাইনালে ক্রোয়েশিয়ার মাঝমাঠের তাল কাটার দায়িত্ব হেন্ডারসনের।

ক্রোয়েশিয়ার মাঝমাঠ এই মুহূর্তে ইউরোপ সেরা, যদিও বিশ্ব সেরা বললেও খুব একটা ভুল হবে না। স্পেনের স্বর্ণযুগের জার্ভি-ইনিয়েস্তার জুটির কথা মনে করাচ্ছে মদরিচ-র‍্যাকেটিচ জুটি।

দুজনেই দুরন্ত ফর্মে। চলতি বিশ্বকাপে দুজনে যেমন গোল করছেন তেমনই করাচ্ছেন। সেমিফাইনালে ইংল্যান্ডের বিবংদ্ধে মাঝমাঠের দখল নিতে দুজনকেই গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে।

ফরোয়ার্ড লাইন আপ

ইংল্যান্ডের আপফ্রন্টে হ্যারি কেনের মতো সুযোগ সন্ধানী স্ট্রাইকারের উপস্থিতি। যা নিঃসন্দেহে বিপক্ষের ডিফেন্ডারদের ঘুম ওড়াতে বাধ্য। ইতিমধ্যেই চলতি বিশ্বকাপে ৬টি গোল করে সোনার বুটের প্রধান দাবিদার। সেই সঙ্গে রহিম স্ট্যালিংয়ের একাধিক সুযোগ নষ্ট করছে। তার খেসারত দিতে হতে পারে সেমিফাইনালে। ক্রোয়েশিয়া চলতি বিশ্বকাপে এক স্ট্রাইকারে খেলতে দেখা যাচ্ছে। মান্দুকিচই একমাত্র লোন স্ট্রাইকার। তিনি চলতি বিশ্বকাপে এক গোল করলেও সেভাবে তাঁর স্বভাবসিদ্ধ ভঙ্গিতে কখনোই পাওয়া যায়নি এবং তবে তাঁর হেড দুর্দান্ত। তেমনই তিনি সুযোগ সন্ধানী। সেমিফাইনালে দলকে জেতাতে হলে দ্রুত ছন্দে ফিরে হাফ চান্স থেকেও বল জালে জড়াতে হবে।

কোচ

ইংল্যান্ডের কোচ সাউথগেট ডালিচ সেমিফাইনালে দুই লড়াই দেখা যাবে। ক্রোট কোচ ছেড়েছেন মেসিকে আটকে দিলাম অতি সহজেই আটকানো যাবে। সাউথগেট হয়তো ক্রোয়েশিয়ান জবাবটা মাঠেই দেবে। এবং ক্রোয়েশিয়ার কোচ ড্যাকটেশিয়ানের মস্তিকের ডালিচ ইতিমধ্যেই হুঙ্কার আর কেন তো বাচ্চা ওকে তেমনই ইংল্যান্ড কোচ মাঝমাঠের ছন্দ কেটে

দু'দল কিভাবে শেষ চারে

ইংল্যান্ড

বনাম টিউনিসিয়া - ২-১
বনাম পানামা- ৬-১
বনাম বেলজিয়াম - ০-১
প্রি-কোয়ার্টার
বনাম কলম্বিয়া - ১ (৪)-১ (৩)
কোয়ার্টার ফাইনাল
বনাম সুইডেন - ২-০

ক্রোয়েশিয়া

বনাম নাইজেরিয়া-২-০
বনাম আর্জেন্টিনা- ৩-০
বনাম আইসল্যান্ড -২-১
প্রি-কোয়ার্টার
বনাম ডেনমার্ক - ১(৩)-১ (২)
কোয়ার্টার ফাইনাল
বনাম রাশিয়া - ২(৪)-২ (৩)

ইংল্যান্ড ও ক্রোয়েশিয়া ম্যাচের ভবিষ্যদ্বাণী করছে পাঁচ বছর বয়সি আমুর বাঘ বার্তক।

ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্টে ফিরছেন সামি

নয়াদিল্লি, ১০ জুলাই : বাংলার পেসার সামি ইংল্যান্ড সফরের টেস্ট দলে ফিরতে পারেন বলে জানা গেছে। ইয়ো ইয়ো টেস্টে পাস করতে না পারার জন্য আফগানিস্তানের বিরুদ্ধে ঘরের মধ্যে তিনি নির্বাচিত হয়নি। অবশেষে ইয়ো ইয়ো টেস্টে পাস করে ইংল্যান্ড সফরের জন্য অপেক্ষা করছেন সামি। যশপ্রীত বুমরাহ চোটের কারণে ইংল্যান্ডের টি-২০ এবং একদিনের সিরিজ থেকে ছিটকে গেছেন। তাঁকে ইংল্যান্ডের সঙ্গে টেস্ট ম্যাচে ফিরতে গেলে ফিটনেস টেস্ট পাশ করেই আসতে হবে। এমত অবস্থায় ইংল্যান্ড টেস্টে ফিরতে পারেন বলে মনে করছে ক্রিকেট বিশেষজ্ঞরা। সামি ইংল্যান্ড সফরের জন্য দরজারকড়া নাড়ছে। ব্যক্তিগত সমস্যা মিটিয়ে সামিও ভারতীয় দলে ফেরার জন্য অপেক্ষা করছেন। ৩০ টেস্টে ১০০ উইকেট নেওয়া বাংলার সুইং সুলতান ইংল্যান্ড সফরের সেরা বাজি হতে পারেন বলেও মনে করছেন বিশেষজ্ঞরা।

ডিএসপি পদ খোয়ালেন হরমনপ্রীত

চণ্ডীগড়, ১০ জুলাই : অভিযোগ আগেই উঠেছিল, সিদ্ধান্তও হয়ে গিয়েছিল শাস্তি কি হবে! শুধু প্রমাণ হওয়ার অপেক্ষা ছিল। ভুয়ো ডিগ্রি দেখিয়ে চাকরি পাওয়ার অভিযোগ। ডিএসপি পদ খোয়ালেন ভারতীয় মহিলা টি-২০ দলের অধিনায়ক হরমনপ্রীত কৌর। পাঞ্জাব সরকার হরমনপ্রীতের ডিএসপি পদ খারিজের কথা সরকারিভাবে জানিয়ে দিয়েছে। পাঞ্জাব পুলিশের তরফ থেকে জানানো হয়েছে, যেহেতু হরমনপ্রীতের স্নাতকস্তরের ডিগ্রির বৈধতার কোনও প্রমাণ পাওয়া যায়নি, তাই তাঁর যোগ্যতা দ্বাদশ শ্রেণী পর্যন্ত ধরা হবে। আর দ্বাদশ শ্রেণীর যোগ্যতা নিয়ে পাঞ্জাব পুলিশে বড়জোর কনস্টেবল পদে থাকা যায়, ডিএসপি পদে থাকা যায় না। একথা হরমনপ্রীতকেও জানিয়ে দেওয়া হয়েছে বলে দাবি পুলিশ আধিকারিকদের। উল্লেখ্য, ভারতীয় মহিলা দলে খেলার সূত্রেই পাঞ্জাব পুলিশে চাকরি পেয়েছিলেন হরমনপ্রীত। গত বছর মহিলা বিশ্বকাপে ভারতের চূড়ান্ত সাফল্যের পরই মুখ্যমন্ত্রী অমরিন্দর সিং তাকে ডিএসপির পদে নিয়োগ করেছিলেন। চলতি বছর পয়লা মার্চ পাঞ্জাব পুলিশের ডিএসপি পদে যোগ দেন হরমনপ্রীত। কিন্তু পুলিশ জানাচ্ছে, হরমনপ্রীত কর্মক্ষেত্রে নিজের ডিগ্রির যে সমস্ত শংসাপত্র জমা দিয়েছিলেন সেগুলি আসলে ভুয়ো। হরমনপ্রীত দাবি করেছিলেন, ২০১১ সালে মীরাটের চৌধুরী চরণ সিং বিশ্ববিদ্যালয়ে হরমনপ্রীতের নামে কোনও রেজিস্ট্রেশনই নেই। ভুয়ো ডিগ্রি দেখিয়ে চাকরি নেওয়ার অভিযোগে যদি হরমনপ্রীতের নামে মামলা করা হয় তাহলে তিনি অর্জুন পুরস্কারও খোয়াতে পারেন। তবে, আপাতত ভারতীয় মহিলা টি-২০ দলের অধিনায়কের বিরুদ্ধে কোনও আইনি পদক্ষেপ না করারই ইঙ্গিত দিয়েছে পাঞ্জাব পুলিশ। পুলিশের এক আধিকারিক জানিয়েছেন, যেহেতু খেলার মাঠে সাফল্যের নিরিখে তাঁকে চাকরিতে নিয়োগ করা হয়েছিল তাই হরমনপ্রীতের শিক্ষাগত যোগ্যতা নিয়ে আমরা আর কোনও মামলা করার কথা ভাবছি না। তাছাড়া পরবর্তীকালে যোগ্যতা প্রমাণ করতে পারলে তিনি আবার ডিএসপি পদে বহাল হতে পারবেন। স্বাভাবিকভাবেই, চাকরি খোয়ানোর পাশাপাশি ভুয়ো ডিগ্রির খবর ছড়িয়ে পড়ায় রীতিমতো অস্বস্তিতে হরমনপ্রীত। তাঁর ম্যানেজার অবশ্য ভুয়ো ডিগ্রির খবর অস্বীকার করেছেন। তিনি জানিয়েছেন, পুলিশের তরফে সরকারিভাবে চাকরি থেকে বরখাস্ত হওয়ার কোনও চিঠি তাদের দেওয়া হয়নি। তাছাড়া একই সার্টিফিকেট দিয়ে রেলেও চাকরি পেয়েছেন হরমনপ্রীত, সার্টিফিকেট ভুয়ো নয়।

প্রথম অনুশীলন ম্যাচে জয় পেল মোহনবাগান

স্টাফ রিপোর্টার: প্রথম অনুশীলন ম্যাচে জয় পেল সবুজ-মেরুন ব্রিগেড। মঙ্গলবার সকাল সাড়ে আটটা নাগাদ মোহনবাগান মাঠে এই ম্যাচের আয়োজন করা হয়েছিল। বিপক্ষ তালতলা একতা। এই ম্যাচে ৬-০ গোলে জয়লাভ করে মোহনবাগান। জোড়া গোল করেছেন পিন্টু। এছাড়া একটি করে গোল পেয়েছেন হেনরি কিসেক্কা, শিল্টন, আজহারউদ্দিন মন্ডল এবং কিসলে। অন্যদিকে, ডুব পিয়েরেকে ইতিমধ্যেই ছেড়ে দিয়েছে মোহনবাগান। বেশ কিছুদিন ধরে তিনি বাগানে ট্রায়াল দিচ্ছিলেন। তাঁকে পছন্দ হয়নি মোহনবাগানের টেকনিক্যাল কমিটির সদস্যদের। শোনা যাচ্ছে, তাঁর জায়গায় নাকি মুসা মুডেকে নেওয়া হবে। ২৮ বছর বয়সি উগান্ডার এই সেন্ট্রাল মিডফিল্ডার ইতিমধ্যেই গোকুলাম এফসি'র হয়ে খেলে গেছেন। এও শোনা যাচ্ছে, তাঁর নামের প্রস্তাবটা বাগান কর্তাদের কাছে হেনরি কিসেক্কাই দিয়েছিলেন। তবে তাঁকে নাকি কলকাতা ফুটবল লিগের জন্যই নেওয়া হচ্ছে। কিন্তু মুসার বিশাল অঙ্কের আর্থিক দাবি নিয়ে কিছুটা হলেও চিন্তায় বাগান কর্তারা। কর্তাদের আশা আর্থিক দাবি কিছুটা কমিয়ে বাগানের সঙ্গে চুক্তি করবেন মুসা।

আইসিসির এক নম্বর টেস্ট ব্যাটসম্যান ফেডেরার!

দুবাই, ১০ জুলাই : নির্বাসিত অজি অধিনায়ক স্টিভ স্মিথকে সরিয়ে আইসিসির এক নম্বর টেস্ট ব্যাটসম্যান হলেন রজার ফেডেরার। এক ঝটকায় তিনি পিছনে ফেলে দিলেন বিরাট কোহলি, জো রুট, কেন উইলিয়ামসনদের মতো তারকাদের। বরং বলা ভাল সেটা একটা শটেই। তাও আবার সেটা ফরোয়ার্ড ডিফেন্সিভ শট। আইসিসির অফিসিয়াল ওয়েবসাইটের দিকে তাকালে টেস্ট ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ের তালিকায় এক নম্বরে স্টিভ স্মিথের নামই দেখা যাবে। তবে আইসিসির অফিসিয়াল টুইটার ওয়েবসাইটে আবার অন্য ছবি রয়েছে। সেখানে ফেডেরারের জন্য আলাদা একটি র‍্যাঙ্কিং প্রকাশ করেছে আইসিসি। আসলে উইম্বলডনের একটা অফিশিয়াল টুইটের প্রত্যুত্তরে আইসিসি একটি মজার টুইট করে। যেখানে ফেডেরারকে বিশ্বের এক নম্বর টেস্ট ব্যাটসম্যান হিসাবে দেখানো হয়েছে। যদিও সেই তালিকায় আর কোনও ব্যাটসম্যানের নাম নেই। একা ফেডেরারই সেই তালিকায় এক নম্বর স্থানে রয়েছেন। ফ্রান্সের আদ্রিয়ান মানারিনোর বিরুদ্ধে উইম্বলডনের প্রি-কোয়ার্টার ফাইনাল ম্যাচ চলাকালীন অদ্ভুত একটি শট খেলেন তিনি। প্রথম সেটে ফেডেরার তখন এগিয়ে ছিলেন ২-০ গেমে। আদ্রিয়ানের একটি ফন্ট সার্ভিসে ফেডেরার বাঁ-হাতি ব্যাটসম্যানদের মতো ফরোয়ার্ড ডিফেন্স করেন। ফেডেরারের ডিফেন্স করার মুহূর্তের ভিডিওটি আইসিসিকে ট্যাগ করে টুইট করে উম্বলডন

কর্তৃপক্ষ। আইসিসির কাছ থেকে ফেডেরারের এরকম শটের রেটিং জানতে চাওয়া হয়। আইসিসি তৎক্ষণাৎ উম্বলডনকে পাল্টা টুইট করে জবাব দেয়। নিজেদের ওয়েব সাইটে র‍্যাঙ্কিং তালিকায় টেস্ট র‍্যাঙ্কিং তালিকায় ফেডেরারকে এক নম্বর দেখানো একটি ছবি পোস্ট করে আইসিসি। পরে সচিন তেন্ডুলকরের সঙ্গে ফেডেরারের তুলনা করে একটি কার্টুন ছবিও টুইটারে পোস্ট করে আইসিসি। সেখানে স্পাইডারম্যানের পোশাকে শচীন ও ফেডেরারকে একে অপরকে স্বীকৃতি দিতে দেখা যাচ্ছে। আদ্রিয়ান মানারিনোকে ৬-০, ৭-৫, ৬-৪ সেটে হারিয়ে সুইজারল্যান্ডের টেনিস তারকা ২০তম গ্র্যান্ডস্ল্যামজয়ী রজার ফেডেরার উইম্বলডনের কোয়ার্টার ফাইনালে খেলার টিকিট সংগ্রহ করেছেন। শেষ আটের লড়াইয়ে দক্ষিণ আফ্রিকার কেভিন অ্যান্ডারসনের মুখোমুখি হবেন তিনি। সেই ম্যাচে কেভিন অ্যান্ডারসনকে রজার সহজেই হারাবেন বলে মনে করছেন তাঁর টেনিসভক্তরা।

এশিয়ান জুনিয়র কুস্তি চ্যাম্পিয়নশিপ নিয়ে দোটানা

নয়াদিল্লি, ১০ জুলাই : সীমান্তে অশান্তির জের! পাকিস্তান জুনিয়র কুস্তি দলকে ভারতকে ঢোকার অনুমতি দিল না স্বরাষ্ট্রমন্ত্রক। ফলে রীতিমতো দোটানায় এশিয়ান জুনিয়র কুস্তি চ্যাম্পিয়নশিপ। আগামী ১৭ জুলাই থেকে ২৩ জুলাই পর্যন্ত ভারতেই আয়োজিত হওয়ার কথা টুর্নামেন্টটির। অথচ এখনও পাকিস্তান দলের ভিসার আবেদন মঞ্জুর করেনি বিদেশমন্ত্রক। এর ফলে ভারতের কাছ থেকে টুর্নামেন্টটি সরিয়ে নেওয়া হতে পারে বলে আশঙ্কা ভারতীয় কুস্তি ফেডারেশনের। দীর্ঘদিন ধরেই ভারত-পাক সীমান্তে অশান্তির বাতাবরণ চলছে। যার জেরে দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক খেলাধুলায় কার্যত পূর্ণবিরাম লাগানোর সিদ্ধান্ত নিয়েছে ভারত সরকার। ভারত সরকারের অবস্থান স্পষ্ট, সন্ত্রাস আর সৌহার্দ্য একসঙ্গে চলতে পারে না। আর এই কূটনৈতিক টানাপোড়েনেই এদেশে আসা আটকে গিয়েছে পাকিস্তানের জুনিয়র কুস্তিগিরদের। পাকিস্তান দল অবশ্য বিদেশমন্ত্রক এবং ক্রীড়ামন্ত্রকের কাছে প্রয়োজনীয় অনুমতি পেয়েছে। কিন্তু স্বরাষ্ট্রমন্ত্রকের তরফে এখনও ছাড়পত্র দেওয়া হয়নি। যে কোনও দেশের ক্রীড়াবিদদের এদেশে আসার জন্য ন্যূনতম নিরাপত্তা সংক্রান্ত ছাড়পত্র প্রয়োজন হয়। এই ছাড়পত্রের জন্য গত ১০ মে আবেদন আবেদন করেছিল পাকিস্তান কুস্তি ফেডারেশন।

প্রকাশক : পার্থ কুণ্ডু, কর্তৃক ৩, বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র সরণি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, যাদুভিটা, মিলন মোড়, শিলিগুড়ি-৭৩৪০০৩ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস্ লাহা ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য
সম্পাদক : আশিস্ লাহা